



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং : ময়মিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৮৮

তারিখঃ ০৯/০৬/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র কেন্দ্র থেকে ডাউনলোড ও প্রিন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এইচএসসি-২০২৪ খ্রিঃ পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁর কেন্দ্রের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান সমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র আগামী ১১/০৬/২০২৪ খ্রিঃ তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিম্নোল্লিখিত পদ্ধতিতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে:

ধাপ ০১- বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ ভিজিট করতে হবে।

ধাপ ০২- বাম পার্শ্বের মেন্যু গুলোর মধ্যে থেকে **Institute Panel** অপশনে ক্লিক করতে হবে।

ধাপ ০৩- কেন্দ্র প্রতিষ্ঠানের **EIN** এবং **Password** লিখে **login** বাটনে ক্লিক করতে হবে।

ধাপ ০৪ - ডানপার্শ্বের **Admit card (HSC-2024)** বাটন থেকে প্রবেশপত্র, রোলশীট, হাজিরাপত্র ও **Student Instruction** প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই ৮০ গ্রাম A4 সাইজ কাগজে প্রিন্ট দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার্থীর “অবশ্যই পালনীয় নির্দেশনাবলী (**Student Instruction**)” প্রত্যেক প্রবেশপত্রের উল্টো পাশে প্রিন্ট করতে হবে। প্রবেশপত্রে যেকোন ধরনের সমস্যা (ভুল, বিজ্ঞপ্তি, সংখ্যাগত গরমিল) পরিলক্ষিত হলে ২৫/০৬/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রাপ্ত প্রবেশপত্র সহ পরীক্ষা শাখায় আবেদনের মাধ্যমে প্রবেশপত্র সংক্রান্ত জটিলতা নিষ্পত্তি করা যাবে। ২৫/০৬/২০২৪ খ্রিঃ তারিখের পর এতদসংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য হবেনা এবং সকল তথ্যাদি সঠিক আছে মর্মে বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। ২৬/০৬/২০২৪ খ্রিঃ থেকে বোর্ড এ ব্যাপারে দায়মুক্ত বলে গণ্য হবে।

বিঃদ্রঃ

দ্রুততার সাথে প্রবেশপত্র প্রিন্ট করার পর পরীক্ষার্থীদের মাঝে প্রবেশপত্রগুলো বিতরণ করে যে কোন প্রকার ভুল সংশোধন-শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের অনেক বিভ্রমনা থেকে রক্ষা করবে।


প্রাপক-

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ,

অত্র বোর্ডের আওতাধীন

সকল উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২৪ খ্রিঃ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(প্রফেসর মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

Email : conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো;

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর ;
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা ;
- ৩। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
- ৪। অধ্যক্ষ অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৬। অফিস কপি।